

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ৬, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
অবা-১ শাখা
আদেশ

তারিখ, ৬ জুন ২০০৬/২৩ জ্যৈষ্ঠ ১৪১৩

এস, আর, ও নং ১০৬-আইন/২০০৬।—যেহেতু বুরকিনা ফাসো, চেক রিপাবলিক ও প্যালেষ্টাইন অটোনমাস টেরিটোরি-এ এভিয়ান ইনফ্লুয়েঞ্জা/বার্ডফ্লুর প্রাদুর্ভাব দেখা দিয়াছে এবং উক্ত রোগের কারণে সরকার বুরকিনা ফাসো, চেক রিপাবলিক ও প্যালেষ্টাইন অটোনমাস টেরিটোরি হইতে ১ (এক) দিনের মুরগির বাচ্চা, মুরগির ডিম, হিমায়িত মুরগির মাংস, মুরগি হইতে উৎপাদিত দ্রব্যাদি, পোষ্য ও বন্য পাখি বাংলাদেশে আমদানি স্থগিত করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু Imports and Exports (Control) Act, 1950 (Act No. XXXIX of 1950) এর section 3 এর sub-section (1) এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বুরকিনা ফাসো, চেক রিপাবলিক ও প্যালেষ্টাইন অটোনমাস টেরিটোরি হইতেও ১ (এক) দিনের মুরগির বাচ্চা, মুরগির ডিম, হিমায়িত মুরগির মাংস, মুরগি হইতে উৎপাদিত দ্রব্যাদি, পোষ্য ও বন্য পাখি বাংলাদেশে আমদানি স্থগিত করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুস সামাদ
উপ-সচিব (আইআইটি-২)।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(২৪৪৫)

মূল্য : টাকা ২.০০